তাহারা বর্ণাশ্রমোচিত আচরণসকল পালন করিয়া থাকে। এস্থলে ইহাই দেখান হইল যে—শ্রীভগবৎ সন্তোষের প্রতি লক্ষ্য না থাকিলে বর্ণাশ্রমোচিত আচরণ ও তপস্যা প্রভৃতিতে কেবল পরিশ্রমই সার হইয়া থাকে। ভক্তির পরমসুখপ্রদত্ব প্রতিপাদন করিবার জন্য শ্রীসূতমুনি ১।২।২২ শ্লোকে বলিয়াছেন যে—

অতো বৈ কবয়ো নিত্যং ভক্তিং পরময়া মুদা।
বাসুদেবে ভগবতি কুর্ব্বন্ত্যাত্মপ্রসাদনীম্॥

অতএব, কবিগণ পরম আনন্দের সহিত বাসুদেব শ্রীভগবানে আত্মার প্রসন্নতা-সম্পাদক ভক্তি নিত্যই বিধান করিয়া থাকেন। শ্রীব্রহ্মবৈবর্ত্ত পুরাণে শ্রীশিবের প্রতি শ্রীবিষ্ণু এইরূপ বাক্যই বলিয়াছেন, যথা—যদি কেহ আমাকে পাইতে ইচ্ছা করে, তবে সে অবশ্যই আমাকে লাভ করিবে—ইহার কিছুতেই অন্যথা হয় না। কলিকালে যাহারা কেবল বর্ণ ও আশ্রমোচিত আচরণ করে, তাহারা অতিশয় কলুষচিত্ত এবং তাহাদের আয়ু প্রভৃতি বৃথাই অতিবাহিত হইয়া থাকে। কিন্তু যাঁহারা আমার আশ্রয় গ্রহণ করেন, তাঁহারাই কৃতার্থ। শ্রীশৌনকাদি ঋষিগণ শ্রীসূতমুনিকে বলিয়াছেন॥ ৯৯॥

তথা ত্যক্ত্বা স্বধর্ম্মমিত্যাদিকমনুসন্ধেয়ম্। এবং মহাবিত্তমহায়াসসাধ্যেন কর্ম্মাদিনা তুচ্ছং স্বর্গাদি ফলং, স্বল্পায়াসস্বল্পবিত্তাদিসাধ্যয়া ভক্ত্যা তদাভাসেন চ পরমমহৎফলং তত্র তত্রানুসন্ধায় ভক্তাবেব শাস্ত্র-তাৎপর্য্যং পর্য্যালোচনীয়ম্। তস্মাৎ তত্তচ্ছাস্ত্রাণামপি ভক্তিবিধেয়ক তত্তদনুবাদেন প্রবৃত্তত্বান্ন বৈফল্যমিত্যপি জ্ঞেয়ম্। কিঞ্চ—

বিপ্রাদ্দ্বিষড়্‌গুণযুতাদরবিন্দনাভ-
পাদারবিন্দবিমুখাৎ-শ্বপচং বরিষ্ঠম্।
মন্যে তদর্পিতমনোবচনেহিতার্থ-
প্রাণং পুনাতি সকুলং নতু ভূরিমান ইতি॥ ১০০॥

টীকা চ।—ভক্ত্যৈব কেবলয়া হরেস্তোষঃ সম্ভবতীত্যুক্তম্। ইদানীং ভক্তিং বিনা নান্যৎ কিঞ্চিত্তোষহেতুরিত্যাহ বিপ্রাদিতি। মন্যে ধনাভিজন রূপ-তপঃ-শ্রুতৌজস্তেজঃ প্রভাব-বল-পৌরুষ-বুদ্ধিযোগা ইত্যাদৌ পূর্ব্বোক্তা যে ধনাদয়ো দ্বিষ্‌ট-দ্বাদশ গুণাস্তৈর্যুক্তাদ্বিপ্রাদপি শ্বপচং বরিষ্ঠম্ মন্যে। যদ্বা সনৎসুজাতোক্তা দ্বাদশ ধর্ম্মাদয়ো গুণাঃ দ্রষ্টব্যাঃ—ধর্ম্মশ্চ সত্যঞ্চ দমস্তপশ্চ অমাৎসর্য্যং হ্রীস্তিতিক্ষানসূয়া। যজ্ঞশ্চ দানঞ্চ ধৃতিঃ শ্রুতঞ্চ ব্রতানি বৈ দ্বাদশ ব্রাহ্মণস্য॥ ইতি। কথম্ভূতাদ্বিপ্রাদরবিন্দনাভপাদারবিন্দবিমুখাৎ। কথম্ভূতং শ্বপচং তস্মিন্নরবিন্দনাভে অর্পিতা মন আদয়ো যেন তম্। ঈহিতং কর্ম্ম। বরিষ্ঠত্বে হেতুঃ, স এবম্ভূতঃ শ্বপচঃ সর্ব্বং কুলং পুনাতি। ভূরি মানো গর্ব্বো যস্য স তু বিপ্রঃ আত্মানমপি ন পুনাতি কুতঃ কুলম। যতো ভক্তিহীনস্তৈতে